



বিজ্ঞান ও প্রযুক্তি নির্ভর দেশ গঠনে প্রতিশ্রুতিবদ্ধ
জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

Website: www.nmst.gov.bd



নং: ৩৯.০৩.০০০০.০০৫.১৮.০০১.২১-

তারিখ: ০৭/০৩/২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ জাতীয় চাঁদ দেখা কমিটিতে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরকে সম্পৃক্তকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশে বিজ্ঞান শিক্ষা ও উদ্ভাবনী কার্যক্রমকে উৎসাহিত করার লক্ষ্যে বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের আওতাধীন জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। ক্ষুদে বিজ্ঞানীদের দ্বারা পরিবেষ্টিত এ প্রতিষ্ঠানটি শিক্ষার্থীদের নিয়ে সমসাময়িক, আর্থসামাজিক ও বৈশ্বিক সংকট নিয়ে আলোচনার পাশাপাশি সুস্থ বিনোদনের অন্যতম উৎসস্থল হিসেবে সুপরিচিত। অনানুষ্ঠানিক এ বিজ্ঞান শিক্ষা প্রতিষ্ঠানটি বিদেশী পর্যটকসহ প্রতি বছর ১ লক্ষ হতে ১.৫ লক্ষ দর্শনার্থী পরিদর্শন করে। জ্ঞান-বিজ্ঞান চর্চাকে শাগিত এবং উদ্ভাবনী কার্যক্রমকে বিকশিত করার লক্ষ্যে এ প্রতিষ্ঠান শক্তিশালী টেলিস্কোপের সাহায্যে ঢাকাসহ সারা দেশে চাঁদ, শুক্ৰগ্রহ, মঙ্গলগ্রহ, শনিগ্রহ, বৃহস্পতিগ্রহ, এ্যাক্সোমিডা গ্যালাক্সি, রিংনেবুলা, সেভেন সিস্টার, জোড়াতারা ও তারার ঝাঁক প্রদর্শনের আয়োজন করে থাকে। এ কার্যক্রম সূচারুরূপে পরিচালনার জন্য জাদুঘরে দক্ষ জনবল রয়েছে। প্রতি বছর ঈদুল ফিতর, ঈদুল আযহা, পবিত্র মাহে রমজানসহ বছরের বিভিন্ন সময়ে জাতীয় চাঁদ দেখা কমিটি চাঁদ দেখা কার্যক্রম পরিচালনা করে আসছে। এ আয়োজনে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘর প্রযুক্তিগতভাবে সহায়তা করতে ইচ্ছুক।

এমতাবস্থায়, জাতীয় চাঁদ দেখা কমিটিতে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরকে সম্পৃক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

(মোহাম্মাদ মুনির চৌধুরী)

মহাপরিচালক

ফোন : ৫৮১৬০৬০৯

ফ্যাক্স : ৫৮১৬০৬১১

ই-মেইল: infonmst@gmail.com

মহাপরিচালক

ইসলামিক ফাউন্ডেশন

আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়,

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।